

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ৭৫৪/১৭

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
ফোন নং- ৯৫৫৮৪২১

তারিখঃ ০২ জুলাই, ২০১৭  
১৮ আষাঢ়, ১৪২৪

সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক  
সকল শাখা ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
বাংলাদেশ।

বিষয় : “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড এর নির্দেশ বিজ্ঞপ্তি নং ৬৪৭/১৫ তারিখ ১৮.১১.২০১৫ এবং বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-৪ তারিখ ১৫.০৫.২০১৭ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হল।


বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-৪ তারিখ ১৫.০৫.২০১৭ এর মাধ্যমে অবহিত করা হয়েছে যে, গত ০৯ এপ্রিল ২০১৭ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত কল্পে বর্ণিত আইন ও বিধি দ্বারা নির্ধারিত ধান, চাল, গম, ভূট্টা, সার ও চিনির পাশাপাশি অন্যান্য পণ্য যথা মরিচ, হলুদ, পেয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা ও তুষ-খুদ-কুড়া উৎপাদনকারী ও সরবরাহকারী ব্যবসায়ী/প্রতিষ্ঠানগুলোকে ব্যাংক কর্তৃক ঋণ প্রদান, নবায়ন ও বিতরণকালে পাটের ব্যাগের ব্যবহার বাধ্যতামূলক করার শর্তারোপের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে উপরোক্ত প্রতিষ্ঠানগুলো পণ্য প্যাকেটজাতকরণে পাটের ব্যাগ ব্যবহার না করলে তাদের ক্ষেত্রে ব্যাংক ঋণ সুবিধা প্রদেয় হবে না মর্মেও তাদেরকে লিখিতভাবে অবহিত করা সহ আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত উক্ত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য বাংলাদেশ ব্যাংকের উক্ত পত্রে নির্দেশ প্রদান করা হয়েছে।


বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশ মোতাবেক “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত কল্পে ধান, চাল, গম, ভূট্টা, সার ও চিনির পাশাপাশি অন্যান্য পণ্য যথা মরিচ, হলুদ, পেয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা ও তুষ-খুদ-কুড়া উৎপাদনকারী ও সরবরাহকারী ব্যবসায়ী/প্রতিষ্ঠানগুলোর অনুকূলে ব্যাংক ঋণ প্রদান, নবায়ন ও বিতরণকালে পাটের ব্যাগ ব্যবহার করার শর্ত আরোপ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হল।

উপরে উল্লিখিত পণ্যসমূহ উৎপাদনকারী ও সরবরাহকারী যে সকল ব্যবসায়ী/প্রতিষ্ঠানকে ইতোমধ্যে ঋণ সুবিধা প্রদান করা হয়েছে তাদের উৎপাদিত ও সরবরাহকৃত পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার না করলে ভবিষ্যতে তাদেরকে ব্যাংক ঋণ প্রদান, নবায়ন ও বর্ধিত করা হবেনা মর্মে লিখিত ভাবে অবহিত করতে হবে।

পণ্যে পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিত করণার্থে এরিয়া অফিসসমূহ পরিশিষ্ট-ক তে সংযোজিত ছকে শাখাসমূহ হতে তথ্য সংগ্রহ করে একীভূত বিবরণী ষান্মাষিক ভিত্তিতে (জুন ও ডিসেম্বর ভিত্তিক) পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের এমআইএস ডিপার্টমেন্টে রিপোর্ট করবেন। লোকাল অফিস, জনতা ভবন কর্পোরেট শাখা ও কর্পোরেট-১ শাখাসমূহ সংযুক্ত ছক মোতাবেক তাদের সংশ্লিষ্ট তথ্য ষান্মাষিক শেষে (জুন ও ডিসেম্বর ভিত্তিক) পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের এমআইএস ডিপার্টমেন্টে রিপোর্ট করবেন। এমআইএস ডিপার্টমেন্ট কর্তৃক পরিশিষ্ট-ক তে সংযোজিত ছক মোতাবেক ষান্মাষিক ভিত্তিতে (জুন ও ডিসেম্বর ভিত্তিক) পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকের ব্যাংক পরিদর্শন বিভাগ-২ এ রিপোর্ট করবেন।

আপনার বিশ্বস্ত

  
মোঃ আবদুল হালিম  
উপ-মহাব্যবস্থাপক

  
খন্দকার আতাউর রহমান  
মহাব্যবস্থাপক

অনুলিপি:

১. কোম্পানী সচিব, বোর্ড অব ডিরেক্টরস, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পিএস টু সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক/উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পিএ টু জেনারেল ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা, বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর/ঢাকা-দক্ষিণ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/কুমিল্লা/ময়মনসিংহ/ফরিদপুর, স্থানীয় কার্যালয়, জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা।
৪. চীফ এক্সিকিউটিভ, ইউ,এ,ই।
৫. পিএ টু প্রিন্সিপাল (জেনারেল ম্যানেজার), জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা।
৬. নথি।

# জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

“পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০” এর সুষ্ঠু বাস্তবায়ন প্রসঙ্গে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখঃ অক্টোবর ১২, ২০১৫ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখঃ মে ১৫, ২০১৭ এর নির্দেশনা পরিপালন অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি :

..... তারিখ ভিত্তিক

শাখা/এরিয়া অফিসের নাম : -----

ক্রম	হলুদ, পেয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা ও তুষ্ -খুদ-কুড়া উৎপাদনকারী ও সরবরাহকারী ব্যবসায়ী/প্রতিষ্ঠান এর নাম	সার্কুলার জারী পরবর্তী ঋণ প্রদান/নবায়ন/বিতরণ তারিখ	ঋণের পরিমাণ (লক্ষ টাকায়)	বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখঃ অক্টোবর ১২, ২০১৫ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখঃ মে ১৫, ২০১৭ এর মাধ্যমে আরোপিত শর্ত যুক্ত করা হয়েছে কিনা।	ঋণগ্রহীতা ব্যবসায়ী/প্রতিষ্ঠান কর্তৃক পাটজাত মোড়কের ব্যবহারের ক্ষেত্রে আরোপিত শর্ত পরিপালন প্রতিবেদন।	মন্তব্য

৫.

২